

স্মারক নং- উনিঅ/রূপসা/খুলনা/ ২৭২

তারিখ: ৭/০৩/২০১৭খ্রিঃ।

নিয়োগ বিজ্ঞপ্তি

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত আউট সোর্সিংয়ের মাধ্যমে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে “দগুরী কাম প্রহরী নিয়োগ” সংশোধিত নীতিমালা, স্মারক নং- ৩৮.০০২.০১৫.০০.০০.০.০২৪.২০১০ (অংশ-১)/১১৫, তারিখ- ২৬/০১/২০১৫ এবং মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা মহোদয়ের প্রাশিঅ/সঃপ্রঃ/২ই-১৮/২০০৯/৫১৫ (৬৪), তারিখ- ৩০/০৩/২০১৫ মোতাবেক আউট সোর্সিংয়ের মাধ্যমে চুক্তি ভিত্তিক ২০১৬-১৭ অর্থ বছরে “দগুরী কাম প্রহরী” পদে নিয়োগের জন্য বলটি সরকারি প্রাথমিক বিদ্যালয়, রূপসা, খুলনা এর ক্যাচমেন্ট এলাকার আগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	পদ সংখ্যা	বয়স	সর্ব সাঙ্কুল্যে মাসিক সেবা মূল্য	শিক্ষাগত যোগ্যতা	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭
১	দগুরী কাম প্রহরী	০১	১৮-৩০ বছর	১৪,৪৫০/-	নূন্যতম ৮ম শ্রেণি পাশ	

শর্তাবলী :

- ১) আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, বয়স, শিক্ষাগত যোগ্যতা, ধর্ম ইত্যাদি উল্লেখ করে উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি “দগুরী কাম প্রহরী বাছাই ও নিয়োগ কমিটি” / সভাপতি স্কুল ম্যানেজিং কমিটি বলটি সরকারি প্রাথমিক বিদ্যালয়, রূপসা, খুলনা বরাবর আবেদন করতে হবে।
- ২) ২২/০৩/২০১৭ তারিখে প্রার্থীর বয়স ১৮ থেকে ৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধাদের পোষ্যদের ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেবিট গ্রহণযোগ্য হবে না।
- ৩) আবেদন পত্রের সাথে সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি, জন্ম নিবন্ধনের সত্যায়িত কপি, নাগরিক সনদ পত্র এবং সকল শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত ফটোকপিসহ মোট ০২ (দুই) সেট আবেদন পত্র জমা দিতে হবে। ছবি সহ প্রমাণ পত্র সমূহ ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।
- ৪) মৌখিক পরীক্ষার সময় সকল সনদ পত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।
- ৫) প্রার্থীকে অবশ্যই পুরুষ হতে হবে এবং নৈশ প্রহরার জন্য সুঠাম দেহের অধিকারী ও সাইকেল চালনায় পারদর্শী হতে হবে।
- ৬) প্রার্থীকে বাংলাদেশের নাগরিক এবং অত্র বিদ্যালয়ের ক্যাচমেন্ট এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ৭) ক্রটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। বৈধ আবেদনকারীদের জন্য পরবর্তীতে ইন্টারভিউ কার্ড প্রেরণ করা হবে।
- ৮) আগ্রহী প্রার্থীদের আবেদনপত্র প্রতিদিন বিদ্যালয় চলাকালীন সময়ে (৯-০০ থেকে ৪-৩০ ঘটিকা) ০৮/০৩/২০১৭ তারিখ হতে ২২/০৩/২০১৭ তারিখের মধ্যে হাতে হাতে অত্র বিদ্যালয়ের প্রধান শিক্ষকের নিকট অথবা ডাক যোগে বিদ্যালয়ের ঠিকানায় একই তারিখ ও সময়ের মধ্যে পৌঁছাতে হবে।
- ৯) আবেদন পত্রের সাথে পরীক্ষার ফিস বাবদ নগদ ২০০/- (দুই শত) টাকা জমা দিতে হবে।
- ১০) এই নিয়োগ বিজ্ঞপ্তি অথবা নিয়োগ সংক্রান্ত যে-কোন কার্যক্রম কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে প্রয়োজন বোধে পরিবর্তন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ১১) “দগুরী কাম প্রহরী” পদের অনুকূলে/বিপরীতে সরকার কর্তৃক যে-কোনো নীতিমালা বা পরিপত্র জারী হলে তা কার্যকর বলে গণ্য হবে।
- ১২) ২০১৪-১৫ অর্থ বছরে বৈধ আবেদনকারীদের পুনরায় আবেদনের প্রয়োজন নাই।

(শারমিন আক্তার)

উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)

রূপসা, খুলনা

ও

সভাপতি

দগুরী কাম প্রহরী বাছাই ও নিয়োগ কমিটি

..... সরকারি প্রাথমিক বিদ্যালয়

রূপসা, খুলনা।